

## প্রেস রিলিজ

২৫ নভেম্বর ২০২৪

### উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরি স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠান



অনুষ্ঠানে বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ল্যাবরেটরি স্কুলের আয়োজনে আজ ২৫ নভেম্বর ২০২৪ তারিখ সোমবার গাজীপুর ক্যাম্পাসস্থ মগ ভিলেজে ক্লাস পার্টি ও বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক বিকাশের জন্য পড়ালেখার পাশাপাশি খেলাধুলা ও শারীরিক চর্চার ওপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন শিক্ষার্থীদের অভিভাবকদের মানসিক ও সামাজিক মূল্যবোধের মাধ্যমে সন্তানদেরকে নৈতিক শিক্ষায় শিক্ষিত করার গুরু দায়িত্ব পালন করতে হবে, যাতে সন্তানেরা পড়ালেখা বাদ দিয়ে বিপদগামী না হয়। শিক্ষার্থী তার মায়ের সুশিক্ষার আদর্শকে ধারণ করে দেশ ও জাতির কল্যাণে ভূমিকা রাখতে পারে তার প্রতি অত্যধিক জোর দেন। উপাচার্য ছাত্র-ছাত্রীদের প্রতি স্কুলের শিক্ষকদেরকে সমান দৃষ্টিতে দেখার জন্য পরামর্শ দেন। কোন শিক্ষার্থীকে বৈষম্যের চোখে দেখা যাবে না। এছাড়াও উপাচার্য শিক্ষকতার মহান পেশাকে দায়িত্বশীলতার সাথে পালন করার জন্যও শিক্ষকদেরকে আহ্বান জানান।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরি স্কুল পরিচালনা পর্ষদের সভাপতি অধ্যাপক ড. মো: সিরাজুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, বাউবি উপ-উপাচার্য অধ্যাপক সাঈদ ফেরদৌস পিএইচডি, ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহা: শামীম, সামাজিক বিজ্ঞান, মানসিক ও ভাষা স্কুলের ডীন অধ্যাপক ড. তানভীর আহসান ও ল্যাবরেটরির স্কুলের প্রধান শিক্ষক মো: শামছুল হক খান।

অনুষ্ঠানের শুরুতে ক্লাস পার্টি শিক্ষার্থীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

মো: খালেকুজ্জামান খান  
পরিচালক (ভারপ্রাপ্ত)  
মোবাইল- ০১৭১১২০৭৬৯৮